# বিএনপির কর্মকাণ্ডে ফ্যাসিবাদবিরোধী ঐক্য নষ্ট হয়েছে: জামায়াত আমির



বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

বিএনপির কর্মকাণ্ডের কারণে ফ্যাসিবাদবিরোধী রাজনৈতিক দলগুলোর মধ্যে থাকা ঐক্যে ফাটল ধরেছে বলে মন্তব্য করেছেন বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।

বুধবার (২৩ সেপ্টেম্বর) দুপুরে রাজধানীর মগবাজারের আল ফালাহ মিলনায়তনে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এ মন্তব্য করেন।

শফিকুর রহমান বলেন, গণভোট ও জুলাই সনদ বাস্তবায়নের মাধ্যমে সরকারের জনগণের কাছে গ্রহণযোগ্যতা তৈরির সুযোগ ছিল। কিন্তু সেটি না করায় সরকার ধীরে ধীরে জনগণ থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ছে বলে তিনি মনে করেন।

গণমাধ্যমের ভূমিকা নিয়েও সমালোচনা করেন জামায়াত আমির। তিনি বলেন, সরকারের গঠনমূলক সমালোচনা থেকে গণমাধ্যম পিছিয়ে রয়েছে। এর ফলে জনগণের কাছে গণমাধ্যমের গ্রহণযোগ্যতাও কমছে বলে মন্তব্য করেন তিনি।

LENS ASIA

বাংলাদেশে রাজনৈতিক সংস্কৃতিতে পরিবর্তন আনার কথা জানিয়ে শফিকুর রহমান বলেন, জামায়াতের এমপিরা সরকারের কাছ থেকে কোনো অতিরিক্ত সুবিধা নেবেন না। এমপিদের বেতন বাড়ানোর যেকোনো উদ্যোগের বিরুদ্ধেও দলটি অবস্থান নেবে বলে জানান তিনি।